গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
(স্থানীয় সরকার শাখা)
www.khulnadiv.gov.bd

ক নং-০৫.৪৪.০০০০.০৪.০০৪.০৩৪.২৫-৩৩(১০)

তারিখ: ২৪ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

: বাংলা ১৪৩২ সালের আন্ত:বিভাগীয় খেয়াঘাটের দরপত্র বিজ্ঞপ্তি জারি সংক্রান্ত।

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর নিয়ন্ত্রণাধীন খুলনা ও বরিশাল বিভাগের অন্তর্গত বাগেরহাট এবং পিরোজপুর র মধ্যবর্তী সীমানায় অবস্থিত ০৪(চার)টি যথাক্রমে (১) বড়মাছুয়া (২) শৈলদাহ (৩) কলারন উত্তর বরিশাল এবং (৪) চরকচুরিয়া আন্ত:বিভাগীয় খেয়াঘাট বাংলা ১৪৩২ সালের জন্য ইজারা প্রদান সংক্রান্ত এতদসঙ্গে সংযুক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি আপনার াধীন জেলা পর্যায়ে সংশ্লিষ্ট বিভিন্ন জেলা অফিস, সহকারী কমিশনার (ভুমি) অফিস, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অফিস, ষ্ট ইউনিয়ন ভূমি অফিস, কমিউনিটি সেন্টার, পোস্ট অফিস, সংশ্লিষ্ট খেয়াঘাট, সংশ্লিষ্ট থানা, স্বাস্থ্য কেন্দ্র, সাব-রেজিস্টার অফিস, াজারে মাইকিং এবং ঢোল সহরতের মাধ্যমে জারি করিয়ে জারিপূর্বক জারির রিটার্ন আগামী ৩০.০১.২০২৫ খ্রি. তারিখের মধ্যে র্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

ক্ত: বাংলা ১৪৩২ সালের দরপত্র বিজ্ঞপ্তি।

মো: তবিবুর রহমান
পরিচালক (যুগ্মসচিব)
স্থানীয় সরকার
খুলনা বিভাগ, খুলনা
০২-৪৭৭৭০৩০৩৯ (অফিস)
e-mail: dlgkhulna@gmail.com

লা নির্বাহী অফিসার
খোলা/ মোরেলগঞ্জ/ চিতলমারী, জেলা-বাগেরহাট;
ড়িয়া/ নাজিরপুর/ ইন্দুরকানি, জেলা-পিরোজপুর।

পি সদয় জ্ঞাতার্থে:
বিভাগীয় কমিশনার, খুলনা/ বরিশাল।
জলা প্রশাসক, বাগেরহাট/ পিরোজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
(স্থানীয় সরকার শাখা)
www.khulnadiv.gov.bd

ক নং-০৫.৪৪.০০০০.০৪.০০৪.০৩৪.২৫-৩৫(২০)

তারিখঃ ২৪ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

সভার নোটিশ

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর নিয়ন্ত্রণাধীন খুলনা ও বরিশাল বিভাগের অন্তর্গত বাগেরহাট এবং পিরোজপুর ার মধ্যবর্তী সীমানায় অবস্থিত ০৪(চার)টি যথাক্রমে (১) বড়মাছুয়া (২) শৈলদাহ (৩) কলারন উত্তর বরিশাল এবং (৪) চরকচুরিয়া ক আন্ত:বিভাগীয় খেয়াঘাট বাংলা ১৪৩২ সালের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক অতিরিক্ত বিভাগীয় শনার (রাজস্ব), খুলনা ও আহবায়ক, আন্ত:বিভাগীয় খেয়াঘাট ইজারা বন্দোবস্ত কমিটি এর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। টির সদস্য হিসেবে তাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ১ম দফায় ইজারা কার্যক্রম ন্তভাবে সম্পাদিত হলে ২য় দফা হতে ৫ম দফা প্রযোজ্য হবে না।

সভার আলোচ্যসূচি :

০১। খুলনা-বরিশাল আন্ত:বিভাগীয় খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩২ সালের জন্য ইজারার নিমিত্তে প্রাপ্ত দরপত্রসমূহ পর্যালোচনা ও অনুমোদন।

০২। বিবিধ ।

সভার সময়সূচি :

দফা	সভার তারিখ	সভার সময়
১ম দফা	০৫.০২.২০২৫	সকাল-১১.০০ ঘটিকা
২য় দফা	১৯.০২.২০২৫	সকাল-১১.০০ ঘটিকা
৩য় দফা	০৫.০৩.২০২৫	সকাল-১১.০০ ঘটিকা
৪র্থ দফা	১৯.০৩-২০২৫	সকাল-১১.০০ ঘটিকা
৫ম দফা	০৯.০৪.২০২৫	সকাল-১১.০০ ঘটিকা

মো: তবিবুর রহমান
পরিচালক (যুগ্মসচিব)
স্থানীয় সরকার
খুলনা বিভাগ, খুলনা
০২-৪৭৭৭০৩০৩৯ (অফিস)
e-mail: dlgkhulna@gmail.com

নুলিপি জ্ঞাতার্থে / কার্যার্থে :

১। পরিচালক,স্থানীয় সরকার, বরিশাল বিভাগ ।
২। উপজেলা নির্বাহী অফিসার, শরনখোলা/ মোরেলগঞ্জ/ চিতলমারী, জেলা বাগেরহাট; মঠবাড়িয়া/ নাজিরপুর/ ইন্দুরকানি, জেলা-পিরোজপুর।
৩। চেয়ারম্যান, রায়েন্দা ইউনিয়ন পরিষদ, শরনখোলা/ খাউলিয়া ইউনিয়ন পরিষদ, মোরেলগঞ্জ/ কলাতলা, ইউনিয়ন পরিষদ, চিতলমারী/ সন্তোষপুর ইউনিয়ন পরিষদ, চিতলমারী, জেলা-বাগেরহাট।
৪। চেয়ারম্যান, বড়মাছুয়া ইউনিয়ন পরিষদ, মঠবাড়িয়া/ মালিখালী ইউনিয়ন পরিষদ, নাজিরপুর / শেখমাটিয়া ইউনিয়ন পরিষদ, নাজিরপুর/ বালিপাড়া ইউনিয়ন পরিষদ, ইন্দুরকানি, জেলা-পিরোজপুর।
৫। অফিস কপি

নুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে :

১। বিভাগীয় কমিশনার, খুলনা/ বরিশাল
২। জেলা প্রশাসক, বাগেরহাট/ পিরোজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
(স্থানীয় সরকার শাখা)
www.khulnadiv.gov.bd

ক নং ০৫.৪৪.০০০০.০০৪.০৪.০৩৪.২৫- ৮২

তারিখ: ২৪ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

"দরপত্র বিজ্ঞপ্তি"

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর নিয়ন্ত্রণাধীন খুলনা ও বরিশাল বিভাগের অন্তর্গত "খ" তফশিলে বর্ণিত ০৪(চার)টি বিভাগীয় খেয়াঘাট বাংলা ১৪৩২ সালের ০১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত ক্ষে নির্দিষ্ট ফরমে (সিডিউল ফরম) সর্বসাধারণের নিকট থেকে সীলগালাকৃত খামে (মুখ বন্ধ খামে) দরপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, ফায় দরপত্র দাখিল শুধুমাত্র **"জন্মগত পেশাদার পাটনীগণের"** জন্য সংরক্ষিত থাকবে এবং ২য় দফা হতে ৫ম দফায় সর্বসাধারণ অংশগ্রহণ পারবেন তবে জন্মগত পেশাদার পাটনী অগ্রাধিকার পাবেন।

তফশিল "ক"

বিবরণ	বিস্তারিত	
মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা	
দরপত্র আহবানকারী দপ্তরের নাম	বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (স্থানীয় সরকার শাখা)	
কাজের বিবরণ ও ইজারার সময়কাল	আন্ত:বিভাগীয় খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩২ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা বন্দোবস্ত প্রদান	
সংগ্রহ পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)	
দরপত্র আহবানের উৎস/সূত্র	স্থানীয় সরকার বিভাগের স্মারক নম্বর প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২/(৫২৭২), তারিখ: ১৯.০৪.২০০৩ "হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বন্টন নীতিমালা-২০০৩"	
দরপত্র বিজ্ঞপ্তি বিষয়ক তথ্য	যে-কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ের মধ্যে আন্ত:বিভাগীয় খেয়াঘাট ইজারা সংশ্লিষ্ট দরপত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ৭ নম্বর ক্রমিকে বর্ণিত প্রতিষ্ঠান হতে জানা যাবে এবং দরপত্র ফরম (সিডিউল) নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে	
দরপত্র বিক্রয়ের স্থান	(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা/বরিশাল (স্থানীয় সরকার শাখা) (খ) জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট/পিরোজপুর (স্থানীয় সরকার শাখা) (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শরণখোলা/মোরেলগঞ্জ/চিতলমারী, জেলা-বাগেরহাট; মঠবাড়িয়া/নাজিরপুর/ইন্দুরকানি,জেলা-পিরোজপুর	
দরপত্র দাতার যোগ্যতা	দরপত্রের শর্তাবলী প্রযোজ্য	
দরপত্র, জামানত ও দাখিলের পদ্ধতি	দরপত্রের সাথে জামানত বাবদ আবেদনকারী (দরদাতা) কর্তৃক উদ্ধৃত দরের ২৫% অর্থ ব্যাংক ড্রাফট রূপালী ব্যাংক লিমিটেড, কেডিএ নিউমার্কেট শাখা, খুলনার **"আন্ত:বিভাগীয় ফেরীঘাট ইজারা তহবিল, চলতি হিসাব নম্বর-২৭৯০০২০০০১৯০৬"** শিরোনামের অনুকূলে (সরকার কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলভুক্ত ব্যাংকের ব্যাংক ড্রাফট) এর মাধ্যমে দাখিল করতে হবে। দরপত্র গৃহীত না হলে পরবর্তীতে জামানত বাবদ খিলকৃত ব্যাংক ড্রাফট ফেরতযোগ্য।	
দরপত্র ফরম (সিডিউল) মূল্য (অফেরতযোগ্য)	১,০০০/- হতে ২০,০০০/- টাকা পর্যন্ত	৪০০/- টাকা
	২০,০০১/- হতে ৫০,০০০/- টাকা পর্যন্ত	৬০০/- টাকা
	৫০,০০১/- হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত	৮০০/- টাকা
	১,০০,০০১/- হতে ৩,০০,০০০/- টাকা পর্যন্ত	১,০০০/- টাকা
	৩,০০,০০১/- হতে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত	১,২০০/- টাকা
	৫,০০,০০১/- হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত	১,৫০০/- টাকা
	১০,০০,০০১/- হতে ১৫,০০,০০০/- টাকা পর্যন্ত	২,০০০/- টাকা
	১৫,০০,০০১/- টাকা হতে তদুর্ধ্ব	২,৫০০/- টাকা

চলমান পাতা-০২

ক র	বিবরণ	বিস্তারিত					
		১ম দফা	২য় দফা	৩য় দফা	৪র্থ দফা	৫ম দফা	মন্তব্য
[illegible]	দরপত্র বিক্রয়ের তারিখ ও সময়	০২.০২.২০২৫	১৬.০২.২০২৫	০২.০৩.২০২৫	১৬.০৩.২০২৫	০৬.০৪.২০২৫	অফিস চলাকালীন সময়ের মধ্যে
[illegible]	দরপত্র দাখিলের তারিখ ও সময়	০৩.০২.২০২৫	১৭.০২.২০২৫	০৩.০৩.২০২৫	১৭.০৩.২০২৫	০৭.০৪.২০২৫	সকাল-৯:০০ টা হতে দুপুর-১:০০ টা পর্যন্ত
[illegible]	দরপত্র খোলার তারিখ ও সময়	০৪.০২.২০২৫	১৮.০২.২০২৫	০৪.০৩.২০২৫	১৮.০৩.২০২৫	০৮.০৪.২০২৫	বেলা-১২:০০ টা বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
[illegible]	দরপত্র কমিটির সভার তারিখ ও সময়	০৫.০২.২০২৫	১৯.০২.২০২৫	০৫.০৩.২০২৫	১৯.০৩.২০২৫	০৯.০৪.২০২৫	বেলা-১১.০০ টা বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
[illegible]	দরপত্র দাখিলের স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (স্থানীয় সরকার শাখা)					

তফশিল "খ"

ইজারাযোগ্য খেয়াঘাটের নাম, উভয় পাড়ের অবস্থান ও সরকারি মূল্য তালিকা:

ক্রমিক নম্বর	আন্ত:বিভাগীয় খেয়াঘাটের নাম	উভয় পাড়ের অবস্থান (উপজেলা, জেলা ও বিভাগ)	বাংলা ১৪৩২ সালের সরকারি মূল্য
০১	**বড়মাছুয়া**	শরনখোলা, বাগেরহাট, খুলনা বিভাগ— মঠবাড়িয়া, পিরোজপুর, বরিশাল বিভাগ	৪৮,২৪,৫৩১/-
০২	**শৈলদাহ**	চিতলমারী, বাগেরহাট, খুলনা বিভাগ— নাজিরপুর, পিরোজপুর, বরিশাল বিভাগ	১৮,৪৯,৭৬৩/-
০৩	**কলারন উত্তর বরিশাল**	মোড়লগঞ্জ, বাগেরহাট, খুলনা বিভাগ—ইন্দুরকানি, পিরোজপুর, বরিশাল বিভাগ	১০,৯১,৬৯৫/-
০৪	**চরকচুরিয়া**	চিতলমারী, বাগেরহাট, খুলনা বিভাগ—নাজিরপুর, পিরোজপুর, বরিশাল বিভাগ	৮২,৪৬৪/-

শর্তাবলি :

১। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ খ্রি. তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকের "হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত আয় বণ্টন সম্পর্কিত নীতিমালা-২০০৩" এর শর্ত মোতাবেক দরপত্র দাতা - "জন্মগত পেশাদার পাটনী" হলে দরপত্র ফরম (সিডিউলের) সাথে "জন্মগত পেশাদার পাটনী" সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সদ্য স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র (হালনাগাদ) সংযুক্তসহ, জাতীয় পরিচয়পত্রের (এন.আই.ডি) ফটোকপি এবং সদ্য তোলা ০১(এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, ১ম দফায় দরপত্র দাখিল শুধুমাত্র **"জন্মগত পেশাদার পাটনীগণের"** জন্য সংরক্ষিত থাকবে এবং ২য় পর্ব হতে ৫ম পর্ব সর্বসাধারণ অংশগ্রহণ করতে পারবেন তবে জন্মগত পেশাদার পাটনী অগ্রাধিকার পাবেন।

২। সীলগালাকৃত (মুখ বন্ধ খামে) দরপত্র খামের উপর দরদাতার নাম, পিতার নাম ও পূর্ণ ঠিকানা এবং খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্র ফরমে কোন প্রকার কাটাকাটি থাকলে তা দরদাতা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র চূড়ান্ত অনুমোদনের পর দরদাতাকে পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাট (কোড নং-১-১১৩৩-০০০১-০৩১১) এবং ১০% আয়কর (কোড নং-১-১১৪১-০০৫৫-০১১১) খাতে অনলাইনে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে (সরকার কর্তৃক অনুমোদিত যে কোন তফসীলভুক্ত ব্যাংকে) জমা দিয়ে চালানের মূল কপি বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় (স্থানীয় সরকার শাখায়) দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারার অবশিষ্ট মুদয় টাকা (ইজারা মুল্যের অবশিষ্ট অর্থ ৭৫%/, ভ্যাট এবং আয়কর) জমাদানে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নীতিমালা মোতাবেক জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করা হবে এবং যথাশীঘ্র উক্ত খেয়াঘাটের জন্য পুনরায় দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-০৩

গৃহীত দরপত্রের সম্পূর্ণ অর্থ (মোট ইজারা মূল্য), মোট ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট এবং ১০% আয়কর পরিশোধ করার পর ইজারা বন্দোবস্ত কমিটির আহবায়ক এর পক্ষে "ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ১৯৯১" অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদনের মাধ্যমে ইজারাদারের অনুকুলে খেয়াঘাটের দখল বুঝিয়ে দেয়া হবে। খেয়াঘাট সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্ধারিত স্থানে ইজারাদার খেয়াঘাটের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন।

খেয়া নৌকা/ ইঞ্জিন চালিত ট্রলারযোগে যাত্রীদের পারাপারের সু-ব্যবস্থার জন্য ইজারাদার প্রযোজ্য ক্ষেত্রে নিজ খরচে অভিজ্ঞ মাঝি নিয়োগ করবেন এবং মানসম্মত উপযুক্ত নৌ-যান সরবরাহসহ যাত্রীদের উঠানামার জন্য রাস্তা, খেয়াঘাট ও যাত্রী ছাউনী নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ করবেন। ইজারাদার নিজ খরচে খেয়াঘাট সংশ্লিষ্ট এলাকার পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করবেন।

ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত খেয়াঘাট অন্যের নিকট সাবলীজ বা বন্দোবস্ত দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্তের লঙ্ঘন ঘটে তবে ইজারাদারের ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে। তদুপরি ইজারাদার দন্ডিত হবেন। এ ক্ষেত্রে অবশিষ্ট সময়ের জন্য সংশ্লিষ্ট খেয়াঘাট পুনরায় যথাশীঘ্র ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রতিদিন ভোর ৫.০০ টা থেকে রাত ১২.০০ টা পর্যন্ত যাত্রী পারাপারের ব্যবস্থা করতে হবে এবং রাতে যাত্রীদের পারাপারের সুবিধার্থে খেয়াঘাটে উপর্যুক্ত আলোর ব্যবস্থা রাখতে হবে।

খেয়াঘাটের উভয় পাড়ে ইজারা প্রদানকারী প্রতিষ্ঠান (যথাযথ কর্তৃপক্ষ) কর্তৃক অনুমোদিত টোলরেট চার্ট ইজারাদার সর্বসাধারণের জ্ঞাতার্থে সহজে দর্শনীয় জায়গায় নোটিশ বোর্ড আকারে টানিয়ে রাখার ব্যবস্থা করবেন। ইজারাদার নির্ধারিত হারে টোল আদায় করতে বাধ্য থাকবেন। টোলের অর্থ আদায় সংক্রান্ত কোন অভিযোগ প্রমাণিত হলে নীতিমালা মোতাবেক ইজারা মূল্যের এক দশমাংশ পর্যন্ত জরিমানা এবং সর্বোচ্চ শাস্তি হিসাবে ইজারা বাতিল করা হবে।

খেয়াঘাট ইজারা প্রদানে এবং পরিচালনায় প্রযোজ্য যে সকল শর্ত দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত হয়নি কিন্তু সরকারের কোন আইন, বিধি, অধ্যাদেশ ও পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ, বিধান ও শর্তাবলি ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন। খেয়াঘাটের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং যানবাহন ও যাত্রীদের সহজে যাতায়াতের সুবিধার্থে স্থানীয় প্রশাসন কর্তৃক প্রদত্ত আদেশ নির্দেশও ইজারাদারকে মেনে চলতে হবে।

"হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০০৩" এর বর্ণিত শর্তাবলি, দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলি, চুক্তিপত্রের শর্ত এবং ১৮৮৫ সালের বেঙ্গল ফেরী এ্যাক্ট এর বিধান ভঙ্গ করলে ইজারা প্রদত্ত খেয়াঘাটের ইজারা বাতিলসহ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

তালিকায় বর্ণিত খেয়াঘাটসমূহ যে-কোনো প্রাকৃতিক দুর্যোগ বা মহামারি (ঘূর্ণিঝড়, বন্যা, সাইক্লোন, জলোচ্ছাস, নদী ভাঙ্গন, নদীর নাব্যতা হ্রাস অথবা করোনা ভাইরাসের মতো যে-কোনো ধরনের মহামারি ইত্যাদি) চলাকালীন দেশের সার্বিক অবস্থা বিবেচনায় প্রশাসন কর্তৃক যে কোন ধরনের আদেশের মাধ্যমে বা প্রাকৃতিকভাবে বন্ধ থাকলে ইজারাদার খেয়াঘাট বন্ধ থাকাকালীন ক্ষতিপূরণ বাবদ কোন অর্থ দাবি করতে পারবেন।

ইজারা প্রদত্ত খেয়াঘাটের সন্নিকটে বিআইডব্লিউটিএ কর্তৃক কোন ঘাট স্থাপন করে যাত্রী পারাপার (আড়াআড়ি পারাপার ব্যতীত) করলে কিংবা সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ফেরী স্থাপনের মাধ্যমে যানবাহন ও যাত্রী পারাপার করলে ইজারাদার ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না বা ইজারা শর্ত পরিবর্তনের জন্য কোন আবেদন করতে পারবেন না। এ প্রেক্ষাপটে কোন আবেদন বিবেচনা করা হবে না।

ইজারাদার ইজারা প্রাপ্ত খেয়াঘাটে খেয়া নৌকা/ ইঞ্জিন চালিত ট্রলার যোগে অবৈধ মালামাল, নেশা জাতীয় মাদক দ্রব্য পরিবহন করলে অথবা এ সকল কাজের সাথে সম্পৃক্ত থাকলে তার দায়ভার ইজারাদারের উপর বর্তাবে। এ প্রেক্ষাপটে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন দায় দায়িত্ব গ্রহণ করবে না।

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা এর ওয়েব সাইট www.khulnadiv.gov.bd এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর ওয়েব সাইট www.barisaldiv.gov.bd হতে আন্তঃবিভাগীয় খেয়াঘাট ইজারা সংশ্লিষ্ট যাবতীয় তথ্য জানা যাবে।

সাধারণভাবে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। তবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল বা পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(স্বাক্ষর) ...২৫.

মোঃ ফিরোজ শাহ্
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)
খুলনা
ও
আহবায়ক
আন্তঃবিভাগীয় খেয়াঘাট ইজারা বন্দোবস্ত কমিটি।
ফোন-০২-৪৭৭৭০৩০৩৮ (অফিস)

চলমান পাতা-০৪:

ক নং ০৫.৪৪.০০০০.০০৪.০৪.০৩৪.২৫- ৩২(৮২০) তারিখ: ২৪ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ / ০৮ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

পি সদয় জ্ঞাতার্থে:

সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিভাগীয় কমিশনার, খুলনা/ বরিশাল

....

পি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল

জেলা প্রশাসক, বাগেরহাট/ পিরোজপুর'কে বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো ও বিজ্ঞপ্তিটির বিষয়ে তাঁর জেলার স্থানীয় জনবহুল পত্রিকায় ০১(এক) দিন প্রচারের জন্য অনুরোধ জানানো হলো এবং (অত্র দরপত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট/ পিরোজপুর

উপজেলা নির্বাহী অফিসার,মঠবাড়িয়া/নাজিরপুর/ ইন্দুরকানি, জেলা-পিরোজপুর; শরনখোলা/ মোরেলগঞ্জ/ চিতলমারী, জেলা-বাগেরহাট

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ কার্যালয়, বাগেরহাট/ পিরোজপুর (অত্র দরপত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

উপজেলা নির্বাহী অফিসার,মঠবাড়িয়া/নাজিরপুর/ইন্দুরকানি, জেলা-পিরোজপুর; শরনখোলা/ মোরেলগঞ্জ / চিতলমারী, জেলা-বাগেরহাট (অত্র দরপত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

প্রশাসক, বাগেরহাট পৌরসভা/ মোড়লগঞ্জ পৌরসভা, জেলা-বাগেরহাট; পিরোজপুর পৌসরভা/ মঠবাড়িয়া পৌরসভা, জেলা-পিরোজপুর (অত্র দরপত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

সহকারী কমিশনার (ভূমি), মঠবাড়িয়া/নাজিরপুর/ ইন্দুরকানি, জেলা-পিরোজপুর; শরনখোলা/ মোরেলগঞ্জ / চিতলমারী, জেলা-বাগেরহাট

সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা/ বরিশাল (অত্র দরপত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

সাব-রেজিষ্টার, মঠবাড়িয়া/ নাজিরপুর/ ইন্দুরকানি, জেলা-পিরোজপুর; শরনখোলা/ মোরেলগঞ্জ / চিতলমারী, জেলা-বাগেরহাট

ভারপ্রাপ্ত কর্মকর্তা, মঠবাড়িয়া থানা/ নাজিরপুর থানা/ ইন্দুরকানি থানা, জেলা-পিরোজপুর; শরনখোলা থানা/ মোরেলগঞ্জ থানা/ চিতলমারী থানা, জেলা-বাগেরহাট

চেয়ারম্যান, রায়েন্দা ইউনিয়ন পরিষদ, শরনখোলা/ খাউলিয়া ইউনিয়ন পরিষদ, মোরেলগঞ্জ / কলাতলা, ইউনিয়ন পরিষদ, চিতলমারী/ সন্তোষপুর ইউনিয়ন পরিষদ , চিতলমারী, জেলা-বাগেরহাট

চেয়ারম্যান, বড়মাছুয়া ইউনিয়ন পরিষদ, মঠবাড়িয়া/ মালিখালী ইউনিয়ন পরিষদ, নাজিরপুর / শেখমাটিয়া ইউনিয়ন পরিষদ, নাজিরপুর/ বালিপাড়া ইউনিয়ন পরিষদ, ইন্দুরকানি, জেলা-পিরোজপুর

ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, ...

জনাব ....

(প্রাক্তন ইজারাদার)

নোটিশ বোর্ড।

অফিস কপি।

০৮/১/২৫

মো: তবিবুর রহমান
পরিচালক
স্থানীয় সরকার
খুলনা বিভাগ, খুলনা
ও
সদস্য সচিব
আন্ত:বিভাগীয় খেয়াঘাট ইজারা বন্দোবস্ত কমিটি ।
ফোন-০২-৪৭৭৭০৩০৩৯ (অফিস)